# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**13 NOVEMBER 2025 7:45—7:55 PM**

---

(১) রাজ্যের শিক্ষা বিভাগে আট হাজার ২০৬ জন প্রার্থীকে নিযুক্তি পত্র প্রদান/

(২) গহপুর বিধানসভা কেন্দ্রে আজ আত্মসহায়ক গোষ্ঠীগুলির ৩৬ হাজার ৮৩৪জন সদস্যের মধ্যে মহিলা উদ্যমিতা অভিযানের চেক বিতরণ/

(৩) জুবিন গর্গের রহস্যজনক মৃত্যুর ঘটনা সম্পর্কে আজ এক সদস্যের বিচার কমিশনের সামনে বিধায়ক অখিল গগৈ এবং আসাম পাব্লিক ওয়ার্কসের অভিজিত শর্মার ভাষ্য প্রদান/

এবং

(৪) দেশপ্রেম, ঐক্য ও সংস্কৃতির সংমিশ্রণে ধলাই সম-জেলায় আজ সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫০ তম জন্মজয়ন্তী উদযাপিত/

-----------------------------------------------------------------------------------

আসামে স্বচ্ছ এবং মেধাভিত্তিক নিযুক্তি প্রক্রিয়ার অংশ হিসেবে আজ রাজ্যের শিক্ষা বিভাগ আট হাজারেরও বেশি প্রার্থীকে নিযুক্তি পত্র প্রদান করেছে । খানাপাড়ার পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা এবং শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু সহ বেশকয়েকজন মন্ত্রী উপস্থিত ছিলেন । ড: শর্মা তাঁর ভাষণে বলেন...
বাইট.....
রাজ্যের উচ্চশিক্ষা সঞ্চালকালয়ের আওতায় ২৫২ জন সহকারী অধ্যাপককেও নিযুক্তি পত্র বিতরণ করা হয়েছে । এছাড়া ৬২জন তৃতীয় শ্রেণীর কর্মচারীকে নিযুক্তি পত্র দেওয়া হয়েছে । অনুরূপভাবে মাধ্যমিক শিক্ষা সঞ্চালকালয়ের আওতায় এক হাজার

২৭৫ জন স্নাতকোত্তর শিক্ষক এবং ছ'হাজার ৫২২ জন স্নাতক শিক্ষকের মধ্যে নিযুক্তি পত্র বিতরণ করা হয়েছে । রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদে আটজন সহকারী সঞ্চালককে নিযুক্তি পত্র প্রদান করা হয়েছে ।

---

কেন্দ্রীয় মন্ত্রীসভা গতকাল রপ্তানিকারী সকলের জন্য অনুমোদন জানানো ঋণ নিশ্চিতকরণ প্রকল্প সমগ্র বিশ্বে প্রতিযোগীতা বৃদ্ধি করবে , ব্যবসা বানিজ্য করা সুষ্ঠু করে তুলবে ও ভারতবর্ষকে একটি আত্মনির্ভরশীল দেশ হিসেবে গড়ে তুলতে সহায়তা করবে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন । সামাজিক মাধ্যমে কেন্দ্রীয় মন্ত্রীসভার সিদ্ধান্তগুলির প্রশংসা করে শ্রী মোদী বলেন যে রপ্তানী সম্বর্ধন মিশন রপ্তানি বিষয়ক প্রতিযোগীতা উন্নত করবে ও অতি ক্ষুদ্র , ক্ষুদ্র ও মধ্যম শিল্প কে সহায়তা করবে । প্রকল্পটি প্রথববারের মতো রপ্তানি করা ও শ্রমভিত্তিক ক্ষেত্রগুলিতে সহায়তা করবে বলে শ্রীমোদী মন্তব্য করেন ।তিনি বলেন যে গুরুত্বপূর্ন খনিজ পদার্থের জন্য রয়েলটির হার যুক্তিসংগত করার জন্য মন্ত্রীসভার গ্রহণ করা সিদ্ধান্ত বহনক্ষমতা ও আত্মনির্ভরশীলতার প্রচেষ্টা সুদৃঢ় করে তুলবে ।

---

মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের আওতায় আজ বিশ্বনাথ জেলার গহপুর বিধানসভা এলাকার আত্মসহায়ক গোষ্ঠীগুলির ৩৬ হাজার ৮৩৪ জন সদস্যকে দশ হাজার টাকা করে চেক প্রদান করা হয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা এই উপলক্ষে ভোলাগুড়ির শহিদ কনকলতা বড়ুয়া রাজ্য বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন । ডঃ শর্মা তাঁর ভাষণে বলেন যে- রাজ্য সরকার বিগত চার বছরে মহিলাদের বিভিন্ন দিকে এগিয়ে নিয়ে গিয়ে তাদের সবলীকেণের জন্যে নিরন্তর কাজ করে যাচ্ছে । বর্তমান আসাম সরকারের গ্রহণ করা বহু প্রকল্প দেশের অন্যান্য রাজ্যগুলিও অনুকরণ করছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন । পশ্চিমবঙ্গ, দিল্লি, হরিয়ানা, ছত্তিশগড়, মহারাষ্ট্র কর্ণাটক, মধ্যপ্রদেশ, ঝাড়খন্ড সরকারও অরুণোদয় প্রকল্পের অনুরূপ প্রকল্প নিজ নিজ রাজ্যে প্রবর্তন করার কথা উল্লেখ করে ডঃ শর্মা বলেন যে- এই মহিলা সবলীককরণের পথে আসাম, দেশের আদর্শ রাজ্যে পরিণত হওয়ার কথা উল্লেখ করে ডঃ শর্মা বলেন যে- মহিলা সবলীকরণের ক্ষেত্রে আসাম দেশের মধ্যে আদর্শ রাজ্য হিসেবে পরিগণিত হয়েছে ।

---

সিঙ্গাপুরে জুবিন গর্গের রহস্যজনক মৃত্যুর ঘটনা সম্পর্কে আজ বিচারপতি সৌমিত্র শইকিয়াকে নিয়ে গঠিত এক সদস্যের বিচার কমিশনের কাছে বিধায়ক অখিল গগৈ এবং

আসাম পাবলিক ওয়ার্কস’এর সভাপতি অভিজিত শর্মা শপথনামার মাধ্যমে তাদের ভাষ্য প্রদান করেছেন । কমিশনের কাছে তথ্য দাখিল করার পর বিধায়ক অখিল গগৈ এই বিষয়ে সংবাদ মাধ্যমকে জানিয়েছেন । তিনি এই তদন্ত প্রক্রিয়া নিয়ে অসন্তুষ্টি ব্যক্ত করেছেন । এদিকে শ্রী শর্মা তার ভাষ্য প্রদানের পর সাংবাদিকদের বলেন যে- সিঙ্গাপুরে জুবিন গর্গের মৃত্যুর পরও নর্থ-ইস্ট ফেস্টিভেলের অনুষ্ঠান চলতে থাকার তথ্য তিনি কমিশনের কাছে দাখিল করেছেন । এছাড়া সিঙ্গাপুরের জাহাজে থাকা ১৮ জন লোকের মধ্যে কেবল চারজনকেই কেন গ্রেপ্তার করা হয়েছে, সেই বিষয়টিও তিনি কমিশনের দৃষ্টিগোচর করেছেন বলে শ্রী শর্মা জানিয়েছেন । উল্লেখ্য- জুবিন গর্গের মৃত্যুর ঘটনা সম্পর্কে গঠন করা বিচার কমিশন গত তেসরা নভেম্বর থেকে বিভিন্ন জনের সাক্ষ্য গ্রহণ করছে । আগামী ২১শে নভেম্বর পর্যন্ত এই প্রক্রিয়া চলবে । এপর্যন্ত এই প্রক্রিয়ায় বেশকয়েকজন ব্যক্তি তাদের সাক্ষ্য প্রদান করেছেন ।

---

দিল্লী বোমা বিস্ফোরণ সম্পর্কে সামাজিক মাধ্যমে আপত্তিজনক মন্তব্য করার অভিযোগে আসাম পুলিশ এপর্যন্ত  ১৫ জনকে গ্রেপ্তার করেছে । পুলিশ গতকাল রাতে এই ঘটনা সংক্রান্ত ৯ জন লোককে গ্রেপ্তার করেছে । পুলিশ এর আগে আপত্তিজনক মন্তব্য করার অভিযোগে ছজন লোককে গ্রেপ্তার করেছিল ।

দিল্লী বিস্ফোরণের ঘটনার পরিপ্রেক্ষিতে আসাম তথা উত্তরপূর্বাঞ্চলের নিরাপত্তা বৃদ্ধির জন্য কেন্দ্রীয় সরকার তৎপর হয়ে উঠেছে । কেন্দ্রীয় সরকার আসামের ধুবরী জেলার বামুনীতে একটি নতুন সামরিক ঘাটি স্থাপনের জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছে । লাচিত বরফুকনের নামে নামকরণ করতে যাওয়া সামরিক ঘাটিটি থেকে সীমান্তে প্রতিরক্ষার প্রতিটি দিক তদারকি করা হবে ।পাকিস্তানি সন্ত্রাসবাদী সংগঠন বাংলাদেশে থাকা তাদের গোপন ঘাটি থেকে আসাম তথা উত্তরপূর্বাঞ্চলে নাশকতামূলক কার্যকলাপ সংগঠিত করতে পারে বলে আশংকা প্রকাশ করে সীমান্তের নিরাপত্তা ব্যবস্থা অধিক কঠোর করার জন্য কেন্দ্রীয় সরকার এই সিদ্ধান্ত গ্রহণ করেছে । ভারত বাংলাদেশ সীমান্তে যাতে কোনো সন্ত্রাসবাদী প্রবেশ করতে না পারে সেজন্য সীমান্ত সুরক্ষা বাহিনীকে আরো বেশী সক্ষম করে তোলা হয়েছে । সেনা সূত্রে জানানো হয়েছে যে বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতির জন্য কেন্দ্রীয় সরকার এই সামরিক ঘাটিটি স্থাপনে বিশেষ গুরুত্ব দিয়েছে ।এই সামরিক ঘাটিতে ১ হাজার ৫০০ সেনা মজুত থাকা সহ যুদ্ধের জন্য প্রয়োজনীয় সব গোলা বারুদ মজুত রাখা হবে । আসাম সরকার এই সামরিক ঘাটিটি স্থাপন করার জন্য জমি প্রদান করেছে বলে সূত্রে জানানো হয়েছে ।

---

রাজ্যের বিভিন্ন স্থানে আফ্রিকান সোয়াইন ফিভারের সংক্রমণ বৃদ্ধি পাওয়ার পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার ক্ষতিগ্রস্ত শূকর পালকদের ক্ষতিপূরণ প্রদানের জন্য কেন্দ্রীয় সরকার থেকে ১৪ কোটি টাকার অনুদান চেয়েছে ।আপার আসামের বিভিন্ন জেলায় এই সংক্রমণ হয়েছে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।সম্প্রতি কেন্দ্রীয় সরকারের একটি দল ক্ষতিগ্রস্ত অঞ্চলগুলি পরিদর্শন করে পরিস্থিতির খোজ নেয় । রাজ্য পশুপালন ও পশু চিকিৎসা বিভাগ সূত্রে জানানো হয়েছে যে এই জেলাগুলিতে সোয়াইন ফিভারের ফলে ৬ হাজারের ও বেশী শূকরের মৃত্যু হয়েছে । চলতি বছরের শুরুতে শূকর পালকদের অসুস্থ পশুদের সুস্থ করে তোলার জন্য ক্ষতিপূরণ প্রদান করা হয়েছিল যদি ও বর্তমান পরিস্থিতির প্রতি লক্ষ্য রেখে কেন্দ্রীয় সরকারের অনুদানের প্রয়োজন হয়ে পড়েছে ।

--------------------------------------------------------------------------------

দেশপ্রেম, ঐক্য ও সংস্কৃতির সংমিশ্রণে ধলাই সম-জেলায় আজ সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫০তম জন্মজয়ন্তী উদযাপন করা হয়েছে । কাছাড়ের জেলা প্রশাসন, ধলাই সম-জেলার প্রশাসন এবং মাই ভারত-কাছাড়ের যৌথ উদ্যোগে আয়োজিত দিনব্যাপী এই অনুষ্ঠানে বিভিন্ন সরকারি বিভাগ, স্বেচ্ছাসেবী সংগঠন, ক্লাব ও শিক্ষাপ্রতিষ্ঠান এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছে । ধলাইয়ের বাম নিত্যানন্দ বহুমুখী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের সামনে থেকে শুরু হওয়া একতা শোভাযাত্রার মাধ্যমে এই অনুষ্ঠানের সূচনা হয়। শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য, ধলাইয়ের বিধায়ক নীহার রঞ্জন দাস এবং ধলাই সম-জেলার আয়ুক্ত রক্তিম বড়ুয়া এই শোভাযাত্রার সূচনা করেন । প্রায় এক হাজারেরও বেশি ছাত্রছাত্রী, যুব স্বেচ্ছাসেবক এবং সাধারণ মানুষ এতে যোগ দেন । ‘শান্তি, সম্প্রীতি ও আত্মনির্ভর ভারত’এর বার্তা নিয়ে এই শোভাযাত্রা ধলাইয়ের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে সম-জেলা অডিটোরিয়ামে এসে শেষ হয় ।

এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে সাংসদ পরিমল শুক্লবৈদ্য বলেন- সর্দার প্যাটেলের অতুলনীয় রাষ্ট্রনায়কত্বের জন্যেই ভারতের তৎকালীন ৫৬২টি দেশীয় রাজ্য একত্রিত হয়ে এক জাতিতে পরিণত হয়েছিল । তাঁর দূরদর্শিতা আজও আমাদের জাতীয় চেতনার দিশারী বলে তিনি মন্তব্য করেছেন । তাঁর এই অবদানের কথা স্মরণ করে কেন্দ্রীয় সরকার সর্দার প্যাটেলের জন্মজয়ন্তীকে ‘এক ভারত শ্রেষ্ঠ ভারত’ দিবস হিসেবে ঘোষণা করেছে এবং দেশজুড়ে একতা দৌড়ের আয়োজন করেছে ।

বিধায়ক নীহার রঞ্জন দাস তাঁর বক্তব্যে বলেন যে- সর্দার বল্লভভাই প্যাটেলের শৃঙ্খলা, জাতীয়তাবাদ ও আত্মনির্ভরতার আদর্শ দেশের যুবসমাজের অনুপ্রেরণার উৎস । তিনি

তরুণ প্রজন্মকে সর্দার প্যাটেলের জীবন থেকে শিক্ষা গ্রহণ করতে এবং বিভাজন, নেশা ও উদাসীনতা থেকে মুক্ত এক শক্তিশালী জাতি গড়ে তোলার ক্ষেত্রে এগিয়ে আসার আহ্বান জানান ।
ধলাই সম-জেলার আয়ুক্ত রক্তিম বড়ুয়াও এই অনুষ্ঠানে প্রাসঙ্গিক বক্তব্য রাখেন । এই অনুষ্ঠানে বিভিন্ন জাতি-জনগোষ্ঠীর সাংস্কৃতিক কার্যসূচী ছাড়াও আত্মনির্ভর গোষ্ঠীগুলির তৈরি করা জিনসপত্র নিয়ে স্বদেশী মেলার আয়োজন করা হয় । বৃক্ষরোফ কার্যসূচীর মাধ্যমে এই অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয় ।

এদিকে ডিমা হাসাও জেলার হাফলঙে আজ এই উপলক্ষে একতা পদযাত্রার আয়োজন করা হয়েছে । এতে উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের অধ্যক্ষ মোহিত হোজাই, রাজ্যের ক্রীড়া ও যুবকল্যাণ মন্ত্রী নন্দিতা গারলোসা সহ বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন । অনুষ্ঠানের অন্যান্য কার্যসূচীর মধ্যে ছিল- বৃক্ষ রোপণ, নেশামুক্ত ডিমা হাসাওয়ের শপথ গ্রহণ ইত্যাদি ।

---

শিলচর ফুলেরতল সড়ক হয়ে কনকপুর সংযোগকারী বর্তমান সেতুটি আগামী ১৮ নভেম্বর থেকে ১৮ ফেব্রুয়ারী পর্যন্ত সবধরণের যানবাহন চলাচলের জন্য সম্পূর্নভাবে বন্ধ থাকবে । এই সময়ে পুরোনো সেতুটি ভেংগে নতুন আর সি সি সেতু নির্মানের কাজ শুরু হবে বলে লোকনির্মান সড়ক বিভাগ শিলচর ও উধারবন্দ টেরিটোরিয়েল রোড ডিভিশনের নির্বাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন। সূত্রে জানানো হয়েছে যে দুই চাকা ও তিন চাকার যানবাহন নবনির্মিত অংশ দিয়ে চলাচল করতে পারবে । তবে অন্যান্য যানবাহনগুলিকে নাথপাড়া রোড হয়ে বেরেংগা রুট ব্যবহার করতে নির্দেশ দেওয়া হয়েছে ।

---